




আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালের লাইসেন্স বাতিল



আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতাল। ছবি: সংগৃহীত

রাজধানীর মগবাজারে আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালের লাইসেন্স বাতিল করা হয়েছে। ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের দেওয়া ব্যাখ্যা সন্তোষজনক না হওয়ায় এই সিদ্ধান্ত নেয় স্বাস্থ্য অধিদপ্তর।

বৃহস্পতিবার (১১ জুন) শোকজের জবাব পর্যালোচনার পর স্বাস্থ্য অধিদপ্তর লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত চূড়ান্ত করে।

ঘটনাটি ঘিরে হাসপাতালটির বিরুদ্ধে গুরুতর গাফিলতির অভিযোগ ওঠে, যার প্রেক্ষিতে স্বাস্থ্য বিভাগ তদন্ত ও প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করে।

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, জনস্বাস্থ্য ও রোগী নিরাপত্তা নিশ্চিত করতে এ ধরনের অনিয়মের বিরুদ্ধে ভবিষ্যতেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

LENS ASIA